গোপালগঞ্জে এমপি বাবরের বাড়ি- ক্লিনিকে আগুন



ছবি: সংগৃহীত

গোপালগঞ্জ-২ (সদর-কাশিয়ানী) আসনের সংসদ সদস্য ডা. কে এম বাবরের বাড়ি ও ব্যবসাপ্রতিষ্ঠানে অগ্নিসংযোগের ঘটনা ঘটেছে। বুধবার (১৮ নভেম্বর) সন্ধ্যা সাড়ে ৭টার দিকে জেলা শহরের থানাপাড়া এলাকায় এ ঘটনা ঘটে।

প্রত্যক্ষদর্শীদের বরাতে জানা গেছে, নিষিদ্ধ ছাত্রলীগের গোপালগঞ্জ পৌর আহ্বায়ক ওমর ফারুক খানসহ কয়েকজন নেতাকর্মী এমপি বাবরের বাড়ি এবং আরাফ ক্লিনিক ও ডায়াগনস্টিক সেন্টারে আগুন দেন। এ সময় ফেসবুক লাইভে তাঁদের উল্লাস প্রকাশ ও বিভিন্ন স্লোগান দিতে দেখা যায়।

এ ঘটনায় বিস্তারিত তথ্য পাওয়া যায়নি।

LENS ASIA